গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
৩২, বিচারপতি এস.এম. মোর্শেদ সরণি, আগারগাঁও,
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

নম্বর ৪৩.২৫.০০০০.০০৭.৩২.০০২.১৮.২১

তারিখ ৩ জ্যৈষ্ঠ ১৪২৯
১৭ মে ২০২২

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: **সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে ২য় সভা (২০২১-২২) আহবান সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ বাস্তবায়নের লক্ষ্যে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে ২য় সভা (২০২১-২২) নিম্নবর্ণিত সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে।

| তারিখ ও বার | স্থান | সময় |
|---|---|---|
| ১৮ মে ২০২২, বুধবার | সম্মেলন ও প্রশিক্ষণ কক্ষ, জাতীয় গ্রন্থাগার ভবন | দুপুর ১২.০০ ঘটিকা |

২। বর্ণিত তারিখ, সময় ও স্থানে সম্মানিত অংশীজন, অধিদপ্তরের সকল কর্মকর্তাকে যথাসময়ে সভায় উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৮-৫-২০২২
মোঃ আলী আকবর
সহকারী পরিচালক
ফোন: ৮৮-০২-৮১৮১৬৮৩
ফ্যাক্স: ৮৮-০২-৮১৮১৬৮২
ইমেইল: dg@nanl.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) পরিচালক (আরকাইভস), পরিচালক এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
২) পরিচালক (গ্রন্থাগার), পরিচালক এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
৩) সকল কর্মকর্তা, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।

৪) মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, মহাপরিচালকের দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর

৫) নোটিশ বোর্ড, জাতীয় আরকাইভস ভবন, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।

৬) নোটিশ বোর্ড, জাতীয় গ্রন্থাগার ভবন, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
৩২, বিচারপতি এস.এম মোর্শেদ সরণি
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।

**সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের(Stakeholders) অংশগ্রহণে (২০২১-২০২২) মতবিনিময় সভার সভার কার্যবিবরণী।**

সভাপতি : এস,এম, আরশাদ ইমাম
পরিচালক(যুগ্মসচিব)
সভার তারিখ : ১৮ মে ২০২২ খ্রিষ্টাব্দ
সভার সময় : বেলা ১২.০০ ঘটিকা
স্থান : জাতীয় গ্রন্থাগার ভবনের প্রশিক্ষণ কক্ষ
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

**ভূমিকা :** সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের(Stakeholders) অংশগ্রহণে (২০২১-২০২২) মতবিনিময় সভা প্রতি তিনমাস অন্তর অংশীজনের অংশগ্রহণে অবহিতকরণ সভা আয়োজন করা হয়। সভায় জাতীয় আরকাইভস ও জাতীয় গ্রন্থাগারে সেবাগ্রহণকারী গবেষক ও পাঠকদের মতামত শোনা হয় এবং মতামত পর্যালোচনা করে সিদ্ধান্ত গৃহীত হয় । গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন করা হয়।

**আলোচনা :**
কমিটির সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি অফিসের সকল কর্মকর্তা ও কর্মচারী এবং পাঠক ও গবেষকদের স্বাস্থ্যবিধি মেনে চলার আহবান জানান। তিনি বলেন যে, দেশে সুশাসন প্রতিষ্ঠা করতে হলে আমাদের সবাইকে শুদ্ধাচারী হতে হবে। তিনি বলেন যে, শুদ্ধাচার দুটি শব্দের সমন্বয়ে গঠিত শুদ্ধ এবং আচার । আমাদের প্রতিটি কর্মকান্ডে,চলনে -বলনে, আচার ব্যবহারে শুদ্ধাচারের প্রতিফলন ঘটাতে হবে। তিনি বলেন যে, যিনি সার্ভিস দেন এবং যিনি সার্ভিস নেন উভয়কেই শুদ্ধাচারী হতে হবে। আমাদের প্রতিটি স্তরে শুদ্ধাচার প্রতিষ্ঠা করতে হবে। শুদ্ধাচারের মাধ্যমেই সরকারের জবাবদিহীতা ও স্বচ্ছতা নিশ্চিত হয়। আর এর মাধ্যমেই দেশে সুশাসন প্রতিষ্ঠিত হবে। তিনি বলেন যে, বাংলাদেশ জাতীয় গ্রন্থাগার অন্যান্য গ্রন্থাগারের মত নয়। জাতীয় গ্রন্থাগার গ্রন্থের স্থায়ী সংরক্ষণাগার। জাতীয় গ্রন্থাগার সকল শ্রেণীর পাঠকের জন্য নয়, বিশেষ ধরনের পাঠকেরা জাতীয় গ্রন্থাগার ব্যবহার করেন।
অতঃপর সভায় অংশগ্রহণকারী অংশীজনদের মধ্য থেকে কয়েকজন গবেষক ও পাঠক আলোচনায় অংশগ্রহণ করেন। তাদের কয়েকজনের আলোচনার সারমর্ম নিম্নরূপ-

২।জনাব সমীর কুমার ভক্ত- তিনি বলেন যে, অধিদপ্তরের পরিবেশ খুবই সুন্দর। গাছপালায় ঘেরা ক্যাম্পাস খুবই মনোমুগ্ধকর। গবেষণা বা লেখাপড়া করার জন্য পরিবেশ খুবই উপযোগী। আমরা প্রতিদিন এখানে আসি এবং লেখাপড়া করি। তিনি বলেন যে, উত্তম পরিবেশের জন্যই জাতীয় গ্রন্থাগারে পাঠকের সংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। তিনি বলেন যে, পাঠকের সংখ্যা বৃদ্ধির পাশাপাশি আমাদের চাহিদাও বৃদ্ধি পাচ্ছে । তিনি ক) এসি মেরামত করা ও খ) কম্পিউটারের সংখ্যা বৃদ্ধি করার জন্য অনুরোধ করেন।

৩। জনাব এস এম শফিকুল ইসলাম - তিনি আলোচনায় অংশ নিয়ে বলেন যে, অধিদপ্তরের সেবার মান অনন্য, প্রত্যেকের নিকট থেকে অত্যন্ত আন্তরিকতার সাথে সেবা পাওয়া যায়। তিনি বলেন যে, আমরা অত্যন্ত সুন্দর একটি পরিবেশে লেখাপড়া করার সুযোগ পাচ্ছি। এ ধরনের ভালো একটি পরিবেশ সৃষ্টি করে দেয়ার জন্য তিনি অধিদপ্তর কর্তৃপক্ষের নিকট কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। তিনি বলেন যে, মাঝে মাঝেই এসি সমস্যা হয়। জানালা খুলতে হয়। জানালা দিয়ে মশা আসে, যা ডেঙ্গু জ্বরের কারণ হতে পারে। তিনি বলেন যে বাসা থেকে পাঠ কক্ষে বই আনার অনুমতি নেই। তিনি বাসা থেকে পাঠ কক্ষে বই আনার অনুমতি প্রার্থনা করেন। তিনি সিড়িতে পর্যাপ্ত আলোর ব্যবস্থা করার অনুরোধ করেন।

৪। কৌশিক দাস- তিনি আলোচনায় অংশ নিয়ে বলেন যে, অধিদপ্তরের পরিবেশ খুবই নিরিবিলি। লেখাপড়া করার জন্য খুব উপযোগী। তিনি গবেষণা কক্ষে পর্যাপ্ত আলোর ব্যবস্থা করতে অনুরোধ করেন। তিনি ইন্টারনেটের গতি বৃদ্ধির জন্য অনুরোধ করেন।

CamScanner

৫। **সিদ্ধান্ত:** আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়-

| ক্রমিক নম্বর | সিদ্ধান্ত | বাস্তবায়ন দায়িত্ব |
|---|---|---|
| ১. | পাঠকক্ষে এসি মেরামত করা আবশ্যক। বাজেট বরাদ্দ সাপেক্ষ এবিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অধিদপ্তরের প্রশাসন শাখা |
| ২. | জাতীয় গ্রন্থাগারের সিড়িতে পর্যাপ্ত আলোর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অধিদপ্তরের প্রশাসন শাখা |
| ৩. | জাতীয় আরকাইভসের গবেষণা কক্ষে পর্যাপ্ত আলোর ব্যবস্থা করতে হবে। | অধিদপ্তরের প্রশাসন শাখা |
| ৪. | অধিদপ্তরের ইন্টারনেটের গতি বৃদ্ধির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অধিদপ্তরের প্রোগ্রামার/ আইটি শাখা |

৬। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(এস, এম, আরশাদ ইমাম)
পরিচালক(যুগ্মসচিব)
ও
সভাপতি,
জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটি

CamScanner


সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত
অংশীজনের অংশগ্রহণে
মতবিনিময় সভা